

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট- ২

প্রশাসন পরিপত্র নং- ০৩/২০১৯


তারিখ : ০৮-০১-২০১৯ খ্রিঃ

বিষয় : ০৫টি জেলার নামের ইংরেজি বানান বাংলা উচ্চারণের সঙ্গে সামঞ্জস্যকরণ গেজেট প্রসংগে।

শিরোনামে বর্ণিত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, প্রশাসন ও কল্যাণ শাখার পত্র নং ৫৩.০০.০০০০.২১১.৯৯.০১১.১৮.৭৫৬ তারিখ ০৫-১২-২০১৮ এর মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়, প্রশাসন-১ শাখার চট্টগ্রাম, কুমিল্লা, বরিশাল, যশোর এবং বগুড়া এ ০৫টি জেলার নামের ইংরেজি বানান বাংলা উচ্চারণের সঙ্গে সামঞ্জস্য রেখে সংশোধনপূর্বক জারিকৃত গেজেটে বর্ণিত নির্দেশাবলি অত্র ব্যাংকে পরিপালনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তি : গেজেটের কপি ০১ (এক) পৃষ্ঠা।



(এম.এ. রউফ উইয়া)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫৬৯১১

নং-প্রকা/এইচআরএমডি-২/২১(৩)(১৭)/২০১৮-২০১৯/২২০০ (১২৫০)

তারিখ : ০৮-০১-২০১৯ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। টীক স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক/ অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো)।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বিকেবি (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
- ০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
- ০৯। নথি/মহানথি।


(শ্রীমতী প্রসাদ ঘোষ)
সহকারী মহাব্যবস্থাপক

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ১০, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪২৫/০৪ জুন ২০১৮

নং ০৫.০০.০০০০.১১০.০০.০১৯.১৫-৭৫৭-০২ এপ্রিল ২০১৮ তারিখে অনুষ্ঠিত নিকার-এর ১১৫তম বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী চট্টগ্রাম, কুমিল্লা, বরিশাল, যশোর এবং বগুড়া এই ০৫টি জেলার নামের ইংরেজি বানান বাংলা উচ্চারণের সঙ্গে সামঞ্জস্য রেখে নিম্নবর্ণিতভাবে সংশোধন করা হলো :

ক্রমিক নম্বর	বাংলা নাম	বর্তমান ইংরেজি বানান	পরিবর্তিত সঠিক বানান
১.	চট্টগ্রাম	Chittagong	Chattogram
২.	কুমিল্লা	Comilla	Cumilla
৩.	বরিশাল	Barisal	Barishal
৪.	যশোর	Jessore	Jashore
৫.	বগুড়া	Bogra	Bogura

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১১২০১)

মূল্য : টাকা ৪.০০